কালনা মহকুমা হাসপাতালের উন্নয়নে ৪ কোটি

নিজস্ব সংবাদদাতা, কালনা ঃ শুক্রবার কালনা শহরের অঘোরনাথ পার্কে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সভা করবেন। সভায় পূর্ব বর্ধমান জেলার একাধিক উন্নয়নমুখী কাজের কথা তিনি শুনবেন এবং বেশ কিছু প্রকল্পের কথা জানিয়ে দেবেন। ইতিমধ্যেই জেলার প্রশাসনিক আধিকারিকরা জেলার উন্নয়নের বিভিন্ন খতিয়ান তুলে ধরার জন্য রিপোর্ট তৈরি করে ফেলেছেন। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জানতে চাইবেন জেলার উন্নয়ন নিয়ে নানান ধরণের গতিবিধি। আর সেই সমস্ত গতিবিধি পুঙ্খানুপুঙ্খভাবে তুলে ধরতে তৈরি প্রশাসনিক কর্তারা। আর এর মাঝেই কালনা মহকুমা হাসপাতালে উন্নয়নের জন্য রাজ্য সরকার বরাদ্দ করেছে চার কোটি টাকা। বুধবার হাসপাতালে সুপার কৃষ্ণচন্দ্র বড়াই জানিয়েছেন যে, ইতিমধ্যে কালনা মহকুমা হাসপাতালে সুপার হাসপাতাল

হিসাবে পরিগণিত হয়েছে এবং চিকিৎসা পরিষেবা নিয়ে যথেষ্ট সুফল মিলছে। শুধুমাত্র কয়েকজন চিকিৎসকের অভাব রয়েছে তাছাড়া পরিকাঠামো নিয়ে কোনরকম প্রশ্ন নেই হাসপাতাল ঘিরে। চার কোটি টাকা বরাদ্দকৃত অর্থে হাসপাতালের মধ্যে একটি দ্বিতল ভবন তৈরি হবে। সেই সাথে রোগীদের জন্য রেস্ট রুম ক্যান্টিন সেমিনার হল পাঁচিল দেওয়ার কাজ হবে। সেই সাথে শিশু এবং প্যাথলজিক্যাল বিভাগের আধুনিকীকরণের কাজ হবে। অর্থাৎ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সফরের আগেই এই ধরণের উন্নয়ন ঘিরে কালনা হাসপাতালের উন্নতিতে খুশির হাওয়া বইছে কালনা মহকুমা জুড়ে। সামনেই লোকসভা নির্বাচন তার আগে একটি হাসপাতালে উন্নতিতে অর্থ বরাদ্দ নিশ্চয়ই শাসকদলের পক্ষে প্লাস পয়েন্ট। রোগী কল্যাণ সমিতি অন্যতম কর্ণধার রাজ্যের অন্যতম মন্ত্রী স্বপন দেবনাথ জানিয়েছেন যে, আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নেতৃত্বে গোটা রাজ্য জুড়ে ব্যাপক উন্নয়নমুখী কাজ হয়েছে এবং বর্তমানেও চলছে। সরকারের একাধিক প্রকল্পের সমস্ত রকম সুযোগ নিয়েছেন রাজ্যের মানুষ। উন্নয়নের শরিক হয়েছেন রাজ্যের মানুষ আগামী দিন আরও ব্যাপক ব্যাপক উন্নয়নের পক্ষে সমস্ত মানুষকে একাত্ম বাঁধন দেওয়ার চেষ্টা করছেন মুখ্যমন্ত্রী। তাই কালনা মহকুমা হাসপাতালে স্বাস্থ্য পরিষেবাকে আরও উন্নততর করতে অর্থ বরাদ্দ নিশ্চয়ই আমাদের কাছে সুখবর। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সফরের আগেই এই ধরণের উন্নয়নমুখী বার্তা আমাদেরকে আরও বেশি বেশি করে অনুপ্রাণিত করেছে।

বিজেপির কেন্দ্রীয় নেতাকে ‘হেরো রাহুল’ বলে কটাক্ষ অরূপের

নিজস্ব সংবাদদাতা, দুর্গাপুর ঃ সংখ্যালঘুদের তুষ্ট করতে মুখ্যমন্ত্রী ফিরহাদ হাকিমকে কলকাতা পুরসভার মেয়র করেছেন, বিজেপির রাজ্যসভার সাংসদ রাহুল সিনহার এমন বিতর্কিত মন্তব্যের জবাব দিলেন রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ দফতরের মন্ত্রী অরূপ বিশ্বাস। রাহুল সিনহাকে কটাক্ষ করলেন, হেরো রাহুল বলে। হেরো রাহুলের কথার কোন উত্তর তারা দেবেন না কারণ তিনি কোন নির্বাচনে দাঁড়িয়ে আজ পর্যন্ত জয়লাভ করতে পারেননি। এমনিভাবেই রাহুল সিনহাকে কটাক্ষ করলেন রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ দফতরের মন্ত্রী অরূপ বিশ্বাস। রাত পোহালেই দুর্গাপুরে পূর্ব ও পশ্চিম বর্ধমান দুই জেলার প্রশাসনিক বৈঠক দুর্গাপুরের সিটি সেন্টারে সুজনী প্রেক্ষাগৃহে। এই প্রশাসনিক বৈঠকে এসে যোগ দেবেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তার আগে আসানসোল ও দুর্গাপুরের দলীয় নেতাদের সাথে বৈঠক করলেন রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের মন্ত্রী এবং দুই বর্ধমানের তৃণমূলের পর্যবেক্ষক অরুপ বিশ্বাস। এরপরে তিনি সভাস্থল পরিদর্শন করেন সুজনী প্রেক্ষাগৃহে। প্রায় আধ ঘন্টা কাটান অরূপ বিশ্বাস মুখ্যমন্ত্রী যেখানে প্রশাসনিক সভা করবেন সেখানে। সভাস্থল ঘুরে দেখেন, আধিকারিকদের সাথে কথা বলেন, সভাস্থলের বিভিন্ন বিষয় নিয়ে। তারপরে মন্ত্রী চলে যান ভগৎ সিং প্যান্ডাল যেখানে হেলিপ্যাড তৈরি হয়েছে মুখ্যমন্ত্রী যে হেলিপ্যাডে বৃহস্পতিবার জামুড়িয়া থেকে এসে নামবেন। এরপরে অরূপ বিশ্বাস এখান থেকে সোজা চলে যান দুর্গাপুরের রায়ডাঙ্গায় সেখানে সেচদফতরের যে বাংলো রয়েছে সেখানে। সেই আবাসনে রাজ্যের মুখ্যমন্ত্রী বৃহস্পতিবার রাত্রিযাপন করবেন। তারপর শুক্রবার সকালে সেখান থেকে মুখ্যমন্ত্রী রওনা দেবেন পূর্ব বর্ধমানের উদ্দেশ্যে। মন্ত্রী অরূপ বিশ্বাস দুর্গাপুরের সাংবাদিকদের মুখোমুখি হয়ে বিভিন্ন প্রশ্নের উত্তর দিতে গিয়ে বলেন, আমরা লোকসভা নির্বাচন আজকেই চাইছি। আজকে যদি নির্বাচন হয় আমরা নির্বাচনে পূর্ণ শক্তি নিয়ে জয় পাব তার প্রমাণ তারা দুর্গাপুর পুরসভা নির্বাচনে পেয়েছে বিরোধীরা।

দুর্গাপুর পুরসভা নির্বাচনে বাড়খন্ড থেকে প্রচুর বহিরাগতদের এনে এবং প্রচুর অর্থ এখানে বিনিয়োগ করেও তারা পুরসভায় একটি আসনও পায়নি। এর থেকে প্রমাণিত হয় আগে তারা মধ্যপ্রদেশ, রাজস্থান সামলান তারপর এই রাজ্য সামলানোর কথা বলবে।

মুগবসান অঞ্চলের প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া

নিজস্ব সংবাদদাতা, কেশপুর ঃ কেশপুরের মুগবসান অঞ্চলের প্রাথমিক বিদ্যালয় ও শিশুশিক্ষাকেন্দ্র সমূহের ৪০ তম বর্ষ আন্তঃবিদ্যালয় বার্ষিক অঞ্চল ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হল মুন্ডলিকা ক্রীড়াঙ্গনে। মঙ্গলবার এই প্রতিযোগিতায় ৫০০ অধিক খুদে পড়ুয়া অংশগ্রহণ করে। উদ্বোধন করেন বিশিষ্ট সমাজসেবী হাসানুজ্জামান। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বর্ষীয়ান শিক্ষক বিশ্বনাথ কোলা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষক প্রফুল্ল ডোগরা। এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষক নেতৃত্ব অর্ণব দাস, সৌরভ রথ, রামতনু প্রামাণিক-সহ অন্যান্য বিশিষ্টজনেরা। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রধান সাজেন আলি। প্রতিযোগিতার যুগ্ম আহ্বায়ক সুজিত কুমার মন্ডল ও দীপক রায় জানান যে, বিজয়ী, বিজিত, মার্চ পাস্ট, ফেয়ার প্লে ট্রফি সফল সংশ্লিষ্ট বিদ্যালয়গুলিকে প্রদান করা হয়। এছাড়া ‘তুমিই শ্রেষ্ঠ বালিক বালিকা’ ইভেন্টে বিশেষ পুরস্কার তুলে দেওয়া হয়। পাশাপাশি সব বিভাগের সফল প্রতিযোগীদের পুরস্কৃত করা হয়। প্রথম স্থানাধিকারীরা পরবর্তী পর্যায়ে অংশ নেবে। বিশেষ অতিথি মুন্ডলিকা বিদ্যাপীঠের প্রধান শিক্ষক প্রজাপতি ভট্টাচার্য সুন্দরভাবে প্রতিযোগিতার আয়োজনের জন্য আয়োজকদের ধন্যবাদ জানান। সমগ্র অনুষ্ঠানটি সুচারুভাবে সঞ্চালনা করেন শিক্ষক স্নেহাশিস চৌধুরী।

এগরাতে ব্রিগেডের প্রস্তুতি

নিজস্ব সংবাদদাতা, এগরা ঃ ব্রিগেড সমাবেশের প্রস্তুতি শুরু করে দিল তৃণমূল। মঙ্গলবার এগরা ১ ব্লকের পাঁচরোল দলীয় কার্যালয়ে অঞ্চল তৃণমূলের উদ্যোগে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় অঞ্চল কমিটির নেতাদের সাথে প্রতিটি বুথের সভাপতি-সহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। পাঁচরোল অঞ্চল তৃণমূল সভাপতি অশোক দাস বলেন, ১৯ জানুয়ারি দলের ব্রিগেড সমাবেশের প্রস্তুতি সভা হয়েছে। অঞ্চলের প্রতিটি বুথে মিছিল করা হবে। প্রতিটি বুথ থেকে যাতে ভালো সংখ্যক মানুষকে ব্রিগেডে নিয়ে যাওয়া যায় সে জন্য উদ্যোগী হবেন দলের নেতাকর্মীরা। সভায় ছিলেন দলের যুব সভাপতি চন্দন রায়, দলের শ্রমিক সংগঠনের নেতা গৌরীশঙ্কর বারিক, এগরা ১ ব্লকের কর্মাধ্যক্ষ মানসী দে, যুবনেতা ধীমান মাইতি প্রমুখ।

জলাতঙ্ক রোগের ভ্যাক্সিন অমিল কাঁকসা থেকে গলসির ব্লক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে

নিজস্ব সংবাদদাতা, কাঁকসা ঃ জলাতঙ্ক রোগের প্রতিরোধক ভ্যাক্সিন অমিল কাঁকসা, আদ্রাহাটিতে। রাত পোহালেই মুখ্যমন্ত্রীর প্রশাসনিক বৈঠক। এলাকার বিধায়কেরা কি আদৌ এই প্রসঙ্গ তুলে ধরবেন মুখ্যমন্ত্রীর কাছে, এই প্রশ্নটিই ঘুরছে এই তিন ব্লকের বাসিন্দাদের মনে। কাঁকসা ব্লকের ব্লক স্বাস্থ্য আধিকারিক রথীন মুখোপাধ্যায় বলেন, এআরভি (জলাতঙ্ক রোগের প্রতিষেধক টিকা)-র সঙ্কট চলছে। তিনি বলেন, এই সমস্যা শুধু এই ব্লকে নয়, সারা রাজ্যেই দেখা যাচ্ছে। এই ব্লক স্বাস্থ্য আধিকারিকের মতে, মাঝেমাঝে এক-দুই ফাইল পাওয়া যাচ্ছে এবং তা রোগীদের দেওয়া হচ্ছে। এই সমস্যা চলছে চলতি বছরের জুলাই-আগস্ট থেকে। আদ্রাহাটি ব্লক স্বাস্থ্যকেন্দ্রের স্বাস্থ্য আধিকারিক ডঃ সুবোধ বিশ্বাস বলেন, এআরভি ভ্যাক্সিনের সঙ্কট চলছে বেশ কিছুদিন ধরেই। তিনি বলেন, প্রতিদিন দুই থেকে তিনজন কুকুরে কামড়ানো রোগী আসছে ব্লক স্বাস্থ্যকেন্দ্রে কিন্তু তাদের ভ্যাক্সিন দেওয়া যাচ্ছে না। যদিও একেবারে উল্টো সুরে কথা বলছেন পুরশা ব্লক স্বাস্থ্য আধিকারিক ফারুক হোসেন। তিনি জানাচ্ছেন তার ব্লক স্বাস্থ্যকেন্দ্রে এআরভি ভ্যাক্সিনের কোন সঙ্কট নেই। তিনি জানান, স্থানীয়ভাবে ক্রয় করা হয়েছে এই ভ্যাক্সিন। কাঁকসা ব্লক স্বাস্থ্যকেন্দ্রের এই সঙ্কটের কথা কি দুই বিধায়ক তুলে ধরবেন? এই প্রশ্নে সিপিএম বিধায়ক সন্তোষ দেবরায় বলেন, বিধানসভা চলছে এবং আগামীকাল বিধানসভার শেষদিন তাই তিনি দুর্গাপুরে থাকবেন না। এছাড়াও তিনি বলেন, তিনি এখনও পর্যন্ত জানেন না তাকে আদৌ আমন্ত্রণ করা হয়েছে কিনা প্রশাসনিক বৈঠকে। তৃণমূলের দুই বিধায়ক অলোক মাঝি এবং বিশ্বনাথ পাড়িয়ালের সাথে যোগাযোগ করতে না পারায় তাদের মতামত পাওয়া যায়নি।

টিকা নিয়ে সভা

নিজস্ব সংবাদদাতা, রামনগর ঃ হাম এবং রুবেলা প্রতিরোধে শিশুদের টিকাকরণ সম্পর্কে সচেতনতা সভা করলেন বিডিও। মঙ্গলবার রামনগর ১ ব্লক প্রশাসনের উদ্যোগে আয়োজিত সভায় বিডিও আশীষ কুমার রায় বলেন, ব্লকের ৯টি গ্রামপঞ্চায়েত এলাকার স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ৯ মাস থেকে ১৫ বছর বয়সী সকল শিশুকে ওই টিকাকরণ করা হবে। হাম ও রুবেলা প্রতিরোধে শিশুদের টিকাকরণ সম্পর্কে বাড়ি বাড়ি গিয়ে সচেতনতার প্রচারও শুরু করা হবে। এ দিনের সচেতনতা সভায় ছিলেন রামনগর ১ পঞ্চায়েত সমিতির সভাপতি শম্পা মহাপাত্র, সহ সভাপতি নিতাই চরণ সার, রামনগর ১ ব্লকের জনস্বাস্থ্য কর্মাধ্যক্ষ সুশান্ত পাত্র প্রমুখ।

মেদিনীপুরে তরুণ কবিদের ২৩ তম সাহিত্য আড্ডা

নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর ঃ দুর্বার গতি আর মসৃন ছন্দে এগিয়ে চলেছে কবিদের সাহিত্য আড্ডা। বিদ্যাসাগর হল চত্বরে শীতের শুরুতেই ঘরোয়াভাবে অনুষ্ঠিত হল মেদিনীপুরের তরুণ কবিদের ব্যবস্থাপনায় ২৩তম মাসিক সান্ধ্যকালীন সাহিত্য আড্ডা। প্রায় প্রতি আড্ডাতেই পুরানোদের পাশাপাশি যোগ দেন নতুন কেউ না কেউ। তেমনিভাবে এবারের আড্ডাতেও নতুন হিসাবে যোগ দিয়েছিলেন বিবাহসূত্রে লন্ডেন নিবাসী মনিদীপা চক্রবর্তী। পাঠ করলেন স্বরচিত কবিতা। কবিতা পাঠের পাশাপাশি আলোচনার বিষয় ছিল, লেখনীর রসদ কি এবং রাইটার্স ব্লকের সময় কে কি করেন? সাথে ছিল খোশগল্পের আসর। উপস্থিত ছিলেন অভিনন্দন মুখোপাধ্যায়, সিসর্গ নির্যাস মাহাতো, সুমন মহান্তি, আকাশ রায়, সৌমেন শেখর, অনিরুদ্ধ ব্যানার্জী, রোমা মন্ডল, জয়িতা সরকার, রাজেশ্বরী ষড়ঙ্গী, মৃদুলা ভূঁইয়া-সহ অন্যান্যরা। আগে থেকে খোলসা করে কিছু জানাতে নারাজ তরুণ কবি সংগঠন, তবে তারা কয়েক মাসের মধ্যেই জেলাকে ভিন্ন স্বাদের কিছু উপহার দিতে চলেছে বলে জানিয়েছেন।

দাসপুরে বিজ্ঞান মঞ্চের সম্মেলন

নিজস্ব সংবাদদাতা, দাসপুর ঃ পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চের দাসপুর ১ বিজ্ঞান কেন্দ্রের ষষ্ঠ ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হল সুলতাননগর সমবায় সমিতির সভাগৃহে। সভা শুরুর আগে সংগঠনের পতাকা উত্তোলন ও শহীদ বেদীতে মাল্যদান অনুষ্ঠিত হয়। সম্মেলনের উদ্বোধন করেন সংগঠনের জেলা সম্পাদক মন্ডলীর সদস্য বিভূতিভূষণ প্রামাণিক। উপস্থিত ছিলেন সংগঠনের জেলা সভাপতি মনোরঞ্জন মাইতি, কার্যকরী সভাপতি নন্দদুলাল ভট্টাচার্য, বিজ্ঞান কেন্দ্রের সম্পাদক খগেন্দ্রনাথ মাইতি প্রমুখ। সভায় সভাপতিত্ব করেন বিজ্ঞান কেন্দ্রের সভাপতি যাদব চন্দ্র পাত্র। বক্তারা তাঁদের বক্তব্যে গ্রামীণ এলাকায় আরও বেশি করে বিজ্ঞান চেতনা প্রসারের আহ্বান জানান। পাশাপাশি সভায় কুসংস্কার মুক্ত বিজ্ঞান চেতনা যুক্ত সমাজ গড়ে তোলার আহ্বান জানান হয়।

অন্ডালের খোলামুখ খনিতে আগুন, এলাকায় আতঙ্ক

নিজস্ব সংবাদদাতা, দুর্গাপুর ঃ বুধবার সকালে ফের অন্ডালের মাধবপুর খোলামুখ খনিতে আগুনের আতঙ্ক ছড়াল। বুধবার সকাল থেকেই অন্ডালের মাধবপুর খোলামুখ খনির বিভিন্ন জায়গা থেকে প্রচন্ড আগুনের শিখা দেখতে পাওয়া যায়। আগুনের সাথে সাথে তীব্র ধোঁয়া ও ঝাঁঝালো গ্যাস ছড়িয়ে পড়ে এলাকায়। খনি চত্বর থেকে মাত্র প্রায় ১০০ মিটার দূরে রয়েছে একটি অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়। আগুন ধোঁয়া ও গ্যাসের আতঙ্কে আতঙ্কিত খুদে পড়ুয়ারা সাথে সাথে আতঙ্কিত স্কুলের শিক্ষক-শিক্ষিকারাও। এই খনি এলাকায় প্রায়ই এরকম আগুন জ্বলার ঘটনা ঘটতে থাকে, কিন্তু কেন এই আগুন হঠাৎ হঠাৎ করে জ্বলে ওঠে সে ব্যাপারে কোনো সদুত্তর প্রশাসনের তরফ থেকে পাওয়া যায়নি। যদিও খনি চত্বরে দেখা যায়নি কোনো ইসিএল আধিকারিককে। তবে খনি চত্বরে দেখা গেল ডিভিসির এক আধিকারিককে কেননা ওই খনির পাশ দিয়ে গেছে ডিভিসি-র বিদ্যুতের তার। কোন কারণে বড় রকম দুর্ঘটনা এড়াতে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করেন তারা। যদিও যে গহ্বর থেকে আগুন নির্গত হচ্ছে সেই ঘরগুলো মাটি দিয়ে ভর্তি করার চেষ্টা চলছে। কিন্তু আতঙ্ক কাটছে না এলাকাবাসীর আবার কখন আগুন জ্বলে ওঠে।

নিজস্ব সংবাদদাতা, আসানসোল ঃ অবশেষে বাইক চুরি চক্রের সন্ধান পেল আসানসোলের কুলটি থানার নিয়ামত পুর ফাঁড়ির পুলিশ। গোপন সূত্রে খবর পেয়ে ২৫ তারিখ দিলীপ সিং ও মহম্মদ ওয়াসিম আক্রম নামে নিয়ামতপুর এলাকা থেকে গ্রেফতার করা হয়। হেফাজতে নিয়ে তল্লাশি শুরু করে পুলিশ। মঙ্গলবার ওয়াসিমের মোটর পার্টসের দোকান থেকে তিনটি বাইক ও প্রচুর সরঞ্জাম উদ্ধার হয়। পুলিশ সূত্রে জানা গেছে যে, এরা কয়েকমাস ধরে বাইক চুরি করছিল। সেগুলিকে এই দোকানে এনে সমস্ত সরঞ্জাম খুলে তারা গ্রাহকদের কম মূল্যে বিক্রি করে দিত। বুধবার তাদের আবার আদালতে তোলা হয়। কুলটি থানার বিভিন্ন এলাকায় কয়েকদিন ধরে বাইক চুরির ঘটনা ঘটছিল। পুলিশ ধৃতদেরকে জেরা করে আর কারও যুক্ত থাকার খবর আছে কিনা তা জানান চেষ্টা করছে।

স্কুলের শিক্ষিকা অর্চনা মুখার্জী জানান, স্কুলের খুব কাছেই এরকম আগুন জ্বলার ঘটনা ঘটায় আতঙ্কিত তার স্কুলের কচিকাঁচারা, সাথে আতঙ্কিত তারাও বুঝতে পারছেন না এখানে কিভাবে এরপর স্কুল চালাবেন।

দুর্গাপুর স্টেশন থেকে হার ছিনতাই

নিজস্ব সংবাদদাতা, দুর্গাপুর ঃ এবার দুর্গাপুর স্টেশনে ট্রেন ধরতে যাওয়ার সময় এক মহিলার হার ছিনতাই করলো এক মহিলা। এই ঘটনায় চাঞ্চল্য দুর্গাপুর স্টেশনে। অভিযুক্ত মহিলা আর ছিনতাইকারীর খোঁজে তল্লাশি চালাচ্ছে রেল পুলিশ। শুভ্রা বিদ, বাঁকুড়া জেলার বড়জোড়া থানা এলাকায় বাপের বাড়ি থেকে শ্বশুর বাড়ি পুরুলিয়া জেলার রঘুনাথপুর ফিরবেন বলে দুর্গাপুর স্টেশনের ২ নং প্লাটফর্ম থেকে বর্ধমান পুরুলিয়া লোকালে ওঠার সময় পিছন থেকে কোন মহিলা প্রায় ১ ভরি ওজনের সোনার চেন ছিনতাই করে বলে অভিযোগ। এখনও লিখিত অভিযোগ হয়নি। তবে রেল পুলিশ তদন্তে নেমেছে। শুভ্রাদেবীকে সাথে নিয়ে সিসিটিভির ফুটেজ দেখার কাজ চালাচ্ছে পুলিশ। দুর্গাপুর স্টেশনে এই হার ছিনতাই-এর ঘটনায় চাঞ্চল্য ছড়ায় যাত্রীদের মধ্যে। কিন্তু শুভ্রাদেবীর হার কিভাবে ছিনতাই করলেন ওই মহিলা তা নিয়ে রেলপুলিশ সন্দেহ প্রকাশ করেছে। কারণ শুভ্রাদেবীর কথায় ওইসময় অনেক লোক ট্রেনে ওঠার জন্য দাঁড়িয়েছিলেন। তাই রেলপুলিশের সন্দেহ যে কিভাবে এত লোকের সামনে সোনার হার ছিনতাই হল প্রকাশ্য দিবালোকে? সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হচ্ছে। শুভ্রা বিদ কি সত্যি কথা বলছেন? তা নিয়ে রেলপুলিশ ও সন্দেহ প্রকাশ করেছে। এখন দেখার সিসিটিভি ফুটেজে কোন সত্যি ধরা পড়ে।

ভর্তির বিজ্ঞপ্তি
শিশু নিকেতন
(নার্সারি স্কুল)
আরামবাগ পৌরসভা কর্তৃক পরিচালিত
আরামবাগ ঃ হুগলি
আরামবাগ পৌরসভা কর্তৃক পরিচালিত শিশুনিকেতন বিদ্যালয়ে ২০১৯ শিক্ষাবর্ষে নার্সারি I থেকে ক্লাস IV পর্যন্ত ভর্তি চলছে। সকাল ১১টা থেকে বেলা ১টা পর্যন্ত স্কুলে ফর্ম দেওয়া হচ্ছে।
বিঃ দ্রঃ - যাতায়াতের জন্য ভ্যান ও মারুতি গাড়ির ব্যবস্থা আছে। বিনা বেতনে নাচ, গান ও অঙ্কন শিক্ষার ব্যবস্থা আছে।